আব্বাসের পিতৃবিয়োগে জগন্নাথপুর-শান্তিগঞ্জ জাতীয়তাবাদী ফোরামের শোক

জগন্নাথপুর-শান্তিগঞ্জ জাতীয়তাবাদী ফোরাম সিলেটের সদস্য সিলেট মহানগর যুবদল নেতা আব্বাস উদ্দিনের পিতা বৃহত্তর আখালিয়া এলাকার বিশিষ্ট মুরুব্বি জগন্নাথপুরের লাউতলার কৃতি সন্তান আলহাজ্ব আজির উদ্দিন সাহেবের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ‘জগন্নাথপুর ও শান্তিগঞ্জ জাতীয়তাবাদী ফোরাম’ সিলেটের নেতৃবৃন্দ। মরহুমের মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তারা।

এক শোক বার্তায় ‘জগন্নাথপুর ও শান্তিগঞ্জ জাতীয়তাবাদী ফোরাম’ সিলেটের আহবায়ক তোফাজ্জল হোসেন বেলাল ও সদস্য সচিব এমদাদুল হক স্বপন বলেন, সিলেট মহানগর যুবদলের অন্যতম নেতা জাতীয়তাবাদী ফোরামের অন্যতম সদস্য আব্বাস উদ্দিন এর পিতা বিশিষ্ট মুরুব্বি আলহাজ্ব আজির উদ্দিন এর মৃত্যুতে আমরা গভীর শোক প্রকাশ করছি এবং শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। আল্লাহ পাক রাব্বুল আল আমিন মরহুমাকে জান্নাতবাসী হিসেবে কবুল করুন এবং শোকাহত পরিবারবর্গকে এই শোক সইবার শক্তি দিন। আমিন। বিজ্ঞপ্তি